

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইক্সাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়সূচী কর্মপরিকল্পনা ২০৩০ প্রস্তুত করেছে:

সময়সূচী কর্মপরিকল্পনা ২০৩০

| ক্রম | এমআরটি লাইনের নাম | পর্যায় | সম্ভাব্য সমাপ্তির সাল | ধরণ |
|------|-----------------------------|----------|-----------------------|---------------|
| ১. | এমআরটি লাইন-৬ | প্রথম | ২০২৫ | উড়াল |
| ২. | এমআরটি লাইন-১ | দ্বিতীয় | ২০২৬ | উড়াল ও পাতাল |
| ৩. | এমআরটি লাইন-৫: নর্দার্ন বুট | | ২০২৮ | |
| ৪. | এমআরটি লাইন-৫: সাউদার্ন বুট | তৃতীয় | ২০৩০ | উড়াল ও পাতাল |
| ৫. | এমআরটি লাইন-২ | | | |
| ৬. | এমআরটি লাইন-৪ | | | |

MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

উত্তর উত্তর হতে কমলাপুর পর্যন্ত ২১.২৬ কিলোমিটার দীর্ঘ MRT Line-6 এর নির্মাণ কাজ লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ৩০ শে জুন ২০২৪ তারিখ পর্যন্ত উত্তর উত্তর হতে মতিঝিল পর্যন্ত অংশের বাস্তব গড় অগ্রগতি ৯৮.১০%। উত্তর উত্তর হতে আগারগাঁও অংশের কাজের অগ্রগতি ১০০%। আগারগাঁও থেকে মতিঝিল অংশের কাজের অগ্রগতি ১০০%। মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত অংশের পূর্ত কাজের অগ্রগতি ৩৬.৭৬%। ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি ৯৬.২০%।

প্যাকেজেজিভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৯টি প্যাকেজেজ বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ শে জুন ২০২৪ তারিখ পর্যন্ত প্যাকেজেজিভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন): এই প্যাকেজেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজেজের বাস্তব অগ্রগতি ১০০%।
- প্যাকেজ-০২ (ডিপো এলাকার পূর্ত কাজ): এই প্যাকেজেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়। ডিপোর অভ্যন্তরে নির্মাণের জন্য নির্ধারিত মোট ৫২টি অবকাঠামোর মধ্যে সকল অবকাঠামোর নির্মাণ কাজ গত ২০ জুন ২০২২ তারিখ সম্পন্ন হয়েছে। এই প্যাকেজেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।
- প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তর উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ): উভয় প্যাকেজেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়। এই প্যাকেজেজ দুইটির পূর্ত কাজের সমন্বিত বাস্তব অগ্রগতি ১০০%।

মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার ভায়াডাক্ট ও ১টি স্টেশন নির্মাণ: মানবীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বৰ্ধিত করার কাজ পুরোদমে এগিয়ে চলছে। ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত মোট ১৭৭ টি পাইলের মধ্যে সকল পাইল, ৬১টি পাইলক্যাপের মধ্যে ৪৬টি পাইলক্যাপ, ৩৯টি পিয়ারের মধ্যে ২৩টি পিয়ার এবং ৩০ টি স্টেশন কলামের মধ্যে ২৯টি স্টেশন কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তর কস্ট্রাকশন ইয়ার্ডে

২৯৮টি প্রিকাস্ট সেগমেন্টের মধ্যে শতভাগ প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ২৭টি স্প্যান এর মধ্যে ০১টি স্প্যান উত্তোলন সম্পন্ন হয়েছে। মোট ১৮০ মিটার দৈর্ঘ্যের কনকোর্স ছাদের মধ্যে ২১ মিটার দৈর্ঘ্যের ছাদের ঢালাই সম্পন্ন হয়েছে। গত ২১ মার্চ ২০২৪ তারিখ হতে সেগমেন্ট উত্তোলন শুরু হয়েছে। এছাড়া ৮২৪টি প্রিকাস্ট প্যারাপেট ওয়াল এর মধ্যে ৫২১টি প্রিকাস্ট প্যারাপেট ওয়াল তৈরি সম্পন্ন হয়েছে। এই পর্যন্ত কাজের সার্বিক অগ্রগতি ৩৬.৭৬%।

- **প্যাকেজ-০৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ষ ও ৩ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়ে গত ৩০ জুন ২০২৪ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ষ ও ৪ টি স্টেশন নির্মাণ কাজ):** এই প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়ে গত ৩০ জুন ২০২৪ তারিখ সমাপ্ত হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-০৭ (ইলেক্ট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেক্ট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৬.৯০%।

উত্তরা ডিপো: ডিপো এলাকায় রেলওয়ে ট্র্যাক এবং বৈদ্যুতিক স্থাপনা ও যন্ত্রপাতি স্থাপনের কাজ সম্পন্ন করে চালু করা হয়েছে।

উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত অংশ: ভায়াডাক্ষে উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত সম্পূর্ণ অংশে রেল লাইন, Overhead Catenary System, সিগন্যালিং সিস্টেমের ইকুইপমেন্ট এবং অটোমেটিক ফেয়ার কালেকশন (AFC) ইকুইপমেন্ট স্থাপন ও চালু করা হয়েছে।

আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত অংশ: মতিঝিল রিসিডিং সাব-স্টেশন, স্টেশনসমূহের বৈদ্যুতিক সরঞ্জামাদি স্থাপন, টেক্সিং ও কমিশনিং সম্পন্ন হয়েছে।

- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এই প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। ২৪টি ট্রেন সেটের মধ্যে সকল ট্রেন সেট ইতোমধ্যে ঢাকার উত্তরাঙ্ক ডিপোতে পৌছেছে। ট্রেন ও স্থাপনার রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ডিপো ইকুইপমেন্ট উত্তরা ডিপোতে সরবরাহ ও স্থাপনের কাজ চলমান আছে। এই প্যাকেজের বাস্তব অগ্রগতি ৯৫.৪৯%।
- **প্যাকেজ-০৯ Enterprise Resource Management System (ERMS) :** ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর আওতায় বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) এর প্যাকেজ CP-09 এর আওতায় ডিএমটিসিএল-এর অফিস ব্যবস্থাপনা অটোমেশন করার নিমিত্ত Enterprise Resource Management System (ERMS) সংগ্রহের জন্য গত ০৯ মে ২০২৪ তারিখ পুনঃদরপত্র আহ্বান করা হয়েছে। দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ২২ জুলাই ২০২৪ এবং জমাদানের শেষ তারিখ ২৩ জুলাই ২০২৪।